



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর

ফোন : ০২৩৩৪৪৮৭৩৭৪ ; ০২৩৩৪৪৮৬৩৭৪ E-mail: mohilacl@gmail.com

website: www.chgmc.edu.bd, Facebook: চাঁদপুর সরকারি মহিলা কলেজ



স্মারক নং- চাঁদপুর/১৩৩

তারিখ : ২৩/০৫/২০২৪

স্পট কোটেশন বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং-শিম/পা-১১/বিবিধ-৪/২০০৩/১১৯; তারিখ: ০৫/০২/২০০৩ খ্রি: অনুযায়ী কমিটি গঠন এবং জেলা প্রশাসকের কার্যালয়ের ২৩/০৫/২০২৪ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "সরকারি কলেজ সমূহের বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের আওতায় চাঁদপুর সদর উপজেলায় চাঁদপুর সরকারি মহিলা কলেজে ৬ (ছয়) তলা ভিত্তি বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণের লক্ষ্যে নারিকেল গাছ-৬টি, কাঁঠাল গাছ-৪টি, মেহগনি-৫টি, চালতা গাছ-১টি, আম গাছ-৩টি, তাল গাছ-১টি, আকাশ মনি গাছ-১টি সহ সর্বমোট= ২১(একুশ) টি গাছ কর্তন ও অপসারণের লক্ষ্যে আগামী ০২/০৬/২০২৪খ্রি: তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় উপস্থিত আত্মীয় ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট থেকে স্পট কোটেশনের মাধ্যমে উপরোক্ত ২১(একুশ) টি গাছ সর্বোচ্চ দরদাতার নিকট বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে কারণে আত্মীয় ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তিকে অধ্যক্ষের কার্যালয় চাঁদপুর সরকারি মহিলা কলেজে সকাল ১১:০০ ঘটিকার সময় প্রতিযোগিতামূলক ডাকের ভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে গাছগুলো বিক্রি করা হবে।

শর্তাবলি:

- ১। উক্ত গাছগুলো স্পট কোটেশনের মাধ্যমে ডাকের পূর্বে আত্মীয় ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা জমা প্রদান সাপেক্ষে স্পট কোটেশনে অংশ গ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ কোটেশন দাতাকে তার উদ্ধৃত মূল্য নগদ মূল্য পরিশোধ সাপেক্ষে গাছগুলো ক্রয় করতে পারবে।
- ৩। সর্বোচ্চ দরদাতা নগদ মূল্য পরিশোধ করার পর নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত গাছগুলো নিজ খরচে অপসারণ করতে হবে।
- ৪। বর্ণিত গাছগুলো সরজমিনে দেখে স্পট কোটেশনের দর উদ্ধৃত করতে হবে।
- ৫। সর্বোচ্চ দরদাতা কর্তৃক গৃহীত হওয়ার পর গাছ কম বা বেশী আছে মর্মে কোন অভিযোগ গ্রহণ করা হবে না।
- ৬। উক্ত কোটেশনের ব্যাপারে চাঁদপুর সরকারি মহিলা কলেজের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৭। উক্ত গাছ কাটার সময় সকল মালামাল কলেজ ক্যাম্পাস থেকে অপসারণ করতে হবে এবং গাছ সমূলে উঠানো সহ পরিষ্কার করে নিতে হবে। গাছের ডাল বা পাতা কিছুই অত্র কলেজে মজুদ রাখা যাবে না।
- ৮। গাছ কাটার সময় কলেজের ভবনে কোন আঘাত আনা যাবে না।
- ৯। বিধি মোতাবেক ভ্যাট আইটি জমা দিতে হবে।
- ১০। বর্ণিত গাছ অপসারণের সময় যদি কলেজের কোন স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি হয়, তবে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তি তা নিজ খরচে পূরণ করে দিতে বাধ্য থাকবে।

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চাঁদপুর।

ও

সদস্য সচিব,

গাছ কর্তন ও অপসারণের নিলাম কমিটি

প্রবেশের ষোলো মাসুদুর রহমান

আইডি নং-০০০০১৯২৯

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি মহিলা কলেজ
চাঁদপুর।

২৩/০৫/২৪

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এর নোটিশ বোর্ড।
- ২। নির্বাহী প্রকৌশলী, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁদপুর এর কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ৩। সহকারী বন সংরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর এর কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ৪। পৌরসভা, চাঁদপুর কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ৫। কলেজ নোটিশ বোর্ড।